# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date:- 02-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

১) রাজ্যে আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আজ ৯ জন প্রার্থীর মনোনয়ন দাখিল । শিলচর ও করিমগঞ্জ লোকসভা আসনে আজ আরো ৫ জন প্রার্থীর মনোনয়ন দাখিল ।

২) আগামী ১৯ এপ্রিল রাজ্যের ৫টি আসনে অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের দিন এগিয়ে আসার পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দলের ব্যাপক প্রচার অব্যাহত ।

৩) নির্বাচন কমিশনের ওদালগুরি জেলার আয়ুক্তকে বদলির নির্দেশ ।

এবং

৪) রঙ্গালী বিহুর আগে অথবা পরে মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষনা করা হবে বলে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর প্রকাশ ।

---

আসামে দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬শে এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য আজ ন'জন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এই নিয়ে দ্বিতীয় পর্যায়ে এপর্যন্ত এগারোজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

শিলচর লোকসভা আসনের জন্য আজ আরো তিনজন প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এদের মধ্যে এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকার আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । দলের জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী, প্রাক্তন জেলা সম্পাদক শ্যামদেও কুর্মি সহ অন্যান্যদের উপস্থিতিতে তিনি আজ কাছাড় জেলার রিটার্নিং অফিসারের কাছে তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । বাঙালি নবনির্মাণ সেনার প্রার্থী বারীন্দ্র কুমার দাস আজ তার মনোনয়ন পত্রে দাখিল করেছেন । এছাড়া নির্দল প্রার্থী রাজু দাসও আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এই নিয়ে এপর্যন্ত শিলচর আসনে চারজন প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এর আগে তৃণমূল কংগ্রেস প্রার্থী রাধেশ্যাম বিশ্বাস গতকাল তার মনোনয়ন জমা দেন ।

করিমগঞ্জ লোকসভা আসনে আজ দু'জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন । এ আই ইউ ডি এফ দলের প্রার্থী সাহাবুল ইসলাম চৌধুরী আজ করিমগঞ্জের জেলা আয়ুক্তের কার্যালয়ে তার মনোনয়ন পত্র দাখিল করেছেন । তার সঙ্গে দলের সভাপতি মৌলানা বদর উদ্দিন আজমলও উপস্থিত ছিলেন । মনোনয়ন পত্র দাখিলের পর প্রার্থী চৌধুরী বলেন যে- তিনি নির্বাচনে জয়ী হলে সামগ্রিক উন্নয়নে কাজ করে যাবেন । তার সঙ্গে চার বিধায়ক হাফিজ বশির আহমেদ কাশিমি, করিম উদ্দিন বড়ভুইয়া, জাকির হোসেইন লস্কর, হাজী নিজাম উদ্দিন চৌধুরী এবং সুজাম উদ্দিন লস্কর উপস্থিত ছিলেন । এছাড়া নির্দল প্রার্থী বিনয় কৃষ্ণ রায়ও আজ তার মনোনয়ন পত্র দাখিল করেছেন । উল্লেখ্য- করিমগঞ্জ লোকসভা আসনের জন্য এপর্যন্ত চারজন প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এর আগে এস ইউ সি আই প্রার্থী প্রজ্জ্বল সুদীপ দেব এবং আরেকজন নির্দল প্রার্থী দিলীপ কুমার এই আসনের জন্য মনোনয়ন পত্র জমা দিয়েছিলেন ।

ডিফু লোকসভা আসনের জন্য আজ বিজেপি প্রার্থী অমর সিং তিচোর মনোয়ন পত্র দাখিল করেছেন । তিনি কার্বি-আং-লং জেলার রিটার্নিং অফিসার মধুমিতা ভাগবতীর হাতে তাঁর মনোনয়ন পত্র জমা দেন । মনোনয়ন পত্র দাখিলের সময়ে কার্বি-আং-লং স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য তুলিরাম রংহাং, ডিমা হাসাও স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

এদিকে নগাঁও লোকসভা আসনের জন্য এপর্যন্ত তিনজন প্রার্থী মনোনয়ন পত্র দাখিল করেছেন । এরমধ্যে অসম জনমোর্চার প্রার্থী সাইফুল ইসলাম চৌধুরী সহ আরো দুজন নির্দল প্রার্থী রয়েছেন । তবে এই আসনে বিজেপি মিত্রজোট এবং এবং কংগ্রেস দলের প্রার্থীরা এখনো তাদের মনোনয়ন পত্র জমা দেননি ।

---------------------------------------------------------------------------

শিলচর ও করিমগঞ্জ লোকসভা আসনের বিজেপি প্রার্থীরা আগামীকাল তাদের মনোনয়ন পত্র দাখিল করবেন । শিলচর আসনে রাজ্যের বর্তমান মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য এবং করিমগঞ্জ আসনে বর্তমান সাংসদ কৃপানাথ মালাহ্ মনোনয়ন পত্র দাখিল করবেন । তাদের এই মনোনয়ন পত্র জমা দেবার সময়ে উপস্থিত থাকতে রাজ্যের মুখ্যমন্ত্রী তথা প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা আগামীকাল বরাক উপত্যকায় আসছেন । তিনি প্রথমে শিলচরে এসে বিজেপি প্রার্থী পরিমলক শুক্লবৈদ্যর সঙ্গে মনোনয়ন পত্র প্রদানের সময় উপস্থিত থাকবেন । এর পরিপ্রেক্ষিতে আজ শিলচরে কাছাড় জেলা বিজেপির সভাপতি বিমলেন্দু রায় জানিয়েছেন যে- আগামীকাল সকাল সাড়ে দশটায় ডঃ শর্মা শিলচরে জেলা ক্রীড়া সংস্থার মাঠে এসে উপস্থিত হবেন । পরে শোভাযাত্রা করে মনোনয়ন পত্র জমা দেবার পর শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে তিনি এক জনসভায় অংশগ্রহণ করবেন ।

এবং করিমগঞ্জে গিয়ে ঐ আসনের বিজেপি প্রার্থী কৃপানাথ মালাহ্’র সঙ্গেও মনোনয়ন পত্র প্রদানের সময়ে উপস্থিত থাকবেন। এদিকে করিমগঞ্জ জেলা বিজেপির পক্ষ থেকে করিমগঞ্জ কলেজের খেলার মাঠে আগামীকাল এক জনসভার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আগামী ১৯ এপ্রিল রাজ্যের ৫টি লোকসভা আসনে অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের দিন এগিয়ে আসার পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল ব্যাপক প্রচার অব্যাহত রেখেছে । বিজেপি নেতা তথা মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ কাজিরাঙ্গা লোকসভা আসনের দলীয় প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসার হয়ে গোলাঘাট জেলার বরপাথারে বিজয় সংকল্প যাত্রায় অংশ নেন । এই সভায়

বিধায়ক বিশ্বজিৎ ফুকন ,সাংসদ বীরেন্দ্র প্রসাদ বৈশ্য ও বিটিআরের প্রধান প্রমোদ বড়োও অংশগ্রহণ করেন । মূখ্যমন্ত্রী আজ দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠেয় নির্বাচনে ডিফু আসনের বিজেপি প্রার্থী অমর সিং তিসোর হয়ে ডিফু সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত একটি প্রচার সভায় অংশ নেন । এদিকে চরাইদেও জেলার মাহমারা বিধানসভা কেন্দ্রের অধীন অঞ্চলগুলিতে আজ যোরহাট লোকসভা আসনের বিজেপি প্রার্থী তপন কুমার গগৈ প্রচার চালান । সভাগুলিতে রাজ্যের মন্ত্রী যোগেন মোহন উপস্থিত ছিলেন । অর্থমন্ত্রী অজন্তা নেওগ আজ তপন কুমার গগৈর হয়ে মরিয়ানীতে প্রচার চালান ।

তৃতীয় পর্যায়ে আগামী ৭ মে অনুষ্ঠেয় নির্বাচনে বরপেটা লোকসভা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী অসম গণ পরিষদের নেতা ফনীভূষণ চৌধুরী আজ বরপেটা ও পাকা বেতবারী বেশকয়েকটি স্থানে প্রচার চালায় ।

একইভাবে তৃতীয় পর্যায়ে অনুষ্ঠেয় নির্বাচনে কোকরাঝার লোকসভা আসনের ইউ পি পি এলের প্রার্থী জয়ন্ত বসুমাতারীর সমর্থনে আজ চিরাং জেলার বিজনীতে মোটর সাইকেল র‍্যালী বের করা হয় ।

এদিকে যোরহার আসনে কংগ্রেস দলের প্রার্থী গৌরব গগৈ প্রচার অব্যাহত রেখেছেন । রাজ্যের অন্যান্য স্থানে এ আই ইউ ডি এফ ,আম আদমী পার্টী ,তৃণমূল কংগ্রেস , সি পি আই (এম) সহ রাজনড়তিক দলগুলি নিজ নিজ দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার অব্যাহত রেখেছে ।

---

নির্বাচন কমিশন আজ ওদালগুড়ি জেলার আয়ুক্তকে বদলির নির্দেশ দিয়েছে । নির্বাচন কমিশন জেলা আয়ুক্তকে অবিলম্বে জেলায় তাঁর পরবর্তী প্রবীণ আধিকরিককে দায়িত্ব অর্পণ করার নির্দেশ দিয়েছে । উল্লেখ্য জেলায় ভি ভি পেট মেশিন পরীক্ষার সময় একটি মেশিনের সন্ধান না পাওয়া সম্পর্কে মূখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে অনুসন্ধান করে দেশের নির্বাচন কমিশনকে প্রতিবেদন প্রেরণ করেছিলো । এর পরই কমিশন এই নির্দেশ জারী করেছে ।
কমিশন দেশের আরো ৪ টি রাজ্যের ৮টি জেলার ম্যাজিস্ট্রেট এবং ১২ জন পুলিশ সুপারকে বদলির নির্দেশ দিয়েছে ।

---

ভারতীয় নির্বাচন কমিশন আসন্ন লোকসভা নির্বাচনে এক্সিট পোলের ওপর নিষেধাজ্ঞা জারি করে সম্প্রতি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে । বিজ্ঞপ্তিতে কমিশন জানিয়েছে যে সপ্তম তথা শেস পর্যায়ের ভোট সম্পন্ন না হওয়া পর্যন্ত কোনোধরণের এক্সিট পোল করা যাবে না । তাই ভোটের ফল সম্পর্কীত কোনো এক্সিট পোলের প্রোগ্রাম বা নিবন্ধ সম্প্রচার বা প্রকাশ করতে সব ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে কমিশন নিষেধ করেছে ।এই নিষেধাজ্ঞা আগামী ১৯ এপ্রিল সকাল ৭ টা থেকে পয়লা জুন সন্ধ্যে সাড়ে ছটা পর্যন্ত বলবৎ থাকবে ।

এদিকে রাজ্য নির্বাচন বিভাগের নির্দেশের পরিপ্রক্ষিতে কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকেও জেলার সাংবাদিক ,সংবাদ মাধ্যমের প্রতিনিধি ও বিভিন্ন টি ভি নিউজ চ্যানেলের প্রতিনিধিদের লোকসভা নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত এক্সিট পোল নিষিদ্ধ সংক্রান্ত নির্দেশ মেনে চলতে বলা হয়েছে ।

---

রঙ্গালী বিহুর আগে অথবা পরে মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষনা করা হবে বলে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু জানিয়েছেন । মাজুলীতে গতকাল নির্বাচনী সভায় অংশগ্রহণ করে ডা:রণোজ পেগু বলেন যে মাধ্যমিকের ফলাফল ঘোষণা করার জন্য শিক্ষা বিভাগ প্রস্তুত রয়েছে ।ইতিমধ্যে বিভাগটি যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ করেছে ।পূর্বের বছরগুলি থেকে এবার আগেই ফলাফল ঘোষণা করা হবে বলে ডা:পেগু জানান । সাধারণতঃ মে মাসে মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষনা করা হলেও এবার এপ্রল মাসের মধ্যে ফলাফল ঘোষনা করা হবে । উল্লেখ্য গত ১৬ ফেব্রুয়ারী মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হয়েছিলো ।

---

কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর আসাম এবং উত্তর পূর্ব বিহারে পৃথিবী পৃষ্ঠের থেকে প্রায় দশ মাইল উপর পর্যন্ত বিস্তৃত বায়ুমন্ডলের স্তরে ঘূর্ণিঝড়ের সম্ভাবনা এখনো অব্যাহত রয়েছে বলে জানিয়েছে । বিভাগের পক্ষ থেকে আরো জানানো হয়েছে যে- পৃথিবী পৃষ্ঠ থেকে মাত্র দশ মাইল উপরে বিস্তৃত

বায়ুমন্ডলের স্তরে বঙ্গোপসাগর থেকে আসা ঘূর্ণিঝড় উত্তরপূর্বাঞ্চলের উপরে বেশিমাত্রায় ঘোরপাক খাচ্ছে । অনুরূপভাবে আসাম ও মেঘালয়ের কয়েকটি স্থানে আগামী বৃহস্পতিবার পর্যন্ত এবং অরুণাচল প্রদেশে শুক্রবার পর্যন্ত অবিরাম বৃষ্টিপাত এবং তুষারপাত হবার সম্ভাবনা রয়েছে ।

এদিকে বরাক উপত্যকায় গতকাল রাতেও প্রবল ঝড়বৃষ্টি হয়েছে । এরফলে গাছপালা, ঘরবাড়ি এবং কৃষিক্ষেত্রের ক্ষতিসাধন হচ্ছে ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট রোহন কুমার ঝা জেলায় আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্টভাবে সম্পন্ন করতে ভারতীয় ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে কোন ব্যাক্তি বা গোষ্টী লাঠি, দা , কুড়াল নিয়ে চলাচল করতে পারবেন না যা অস্ত্র হিসেবে ব্যবহৃত হতে পারে । এছাড়া কোন ব্যাক্তি বোমা , বাজি , বন্দুক , পিস্তল বহন করতে পারবেন না । নির্দেশ অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় নির্বাচনের কাজে নিযূক্ত ভোটকর্মীদের পোষ্টাল ব্যালট সংগ্রহ করার জন্য আহ্বান জানানো হয়েছে । করিমগঞ্জ লোকসভা নির্বাচনের কাজে নিযুক্ত একাংশ কর্মীদের ভোট প্রথম পর্য্যায়ে অর্থাৎ আগামী ১৯শে এপ্রিল গ্রহন করা হবে । এইসব ভোট কর্মীদের ১৪ থেকে ১৮ই এপ্রিলের মধ্যে প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত জেলা আয়ুক্তের কার্য্যলয়ের ব্যালট পেপার ফেসিলিটেশন সেন্টার থেকে পোষ্টাল ব্যালট পেপার সংগ্রহ করতে বলা হয়েছে । উল্লেখ্য করিমগঞ্জ লোকসভা আসনে আগামি ২৬শে এপ্রিল ভোট গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তিতে যে সব প্রিসাইডিং অফিসার ও ফাষ্ট পোলিং অফিসার নির্ধারিত সময়ে ই ভি এম এবং ভি ভি প্যাট সংক্রান্ত প্রশিক্ষন গ্রহন করেন নি , তাদের জন্য পুনরায় প্রশিক্ষন গ্রহনের সময়সূচী ঘোষনা করেছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী

চৌঠা এপ্রিল সকাল ১০টা থেকে রবীন্দ্র সদন মহিলা কলেজে প্রশিক্ষন প্রদান করা হবে । এছাড়া জেলা আয়ুক্তের কার্য্যলয়ের নীচের তলায় ই ভি এম ও ভি ভি প্যাট সংক্রান্ত একটি প্রশিক্ষন কেন্দ্র সক্রিয় রয়েছে । এখান থেকেও প্রশিক্ষন গ্রহন করা যেতে পারে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন লোকসভা নির্বাচন সুষ্টভাবে সম্পন্ন করতে জেলার ভোট গ্রহন কর্মীদের দ্বিতীয় পর্য্যায়ের প্রশিক্ষন পর্ব আজ হাইলাকান্দি এস এস কলেজে শুরু হয়েছে । আজ দুটি শিফটে আয়োজিত প্রশিক্ষন পর্বে ৯২০ জন প্রিসাইডিং অফিসার, ফাষ্ট পোলিং অফিসারদের ই ভি এম মেশিনের প্রশিক্ষন প্রদান করা হয়েছে । আগামী ৫ই এপ্রিল দ্বিতীয় পর্য্যায়ের প্রশিক্ষন পুনরায় অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে গত রবিবার রাতে ঘূর্নীঝড়ে ক্ষতিগ্রস্থ লোকেদের মধ্যে জরুরী ভিত্তিতে ত্রিপাল বন্টন শুরু হয়েছে । গতকাল পাটোয়ারীদের সরজোমিনে এলাকা পরিদর্শনের পর চক্র আধিকারীকদের প্রতিবেদনের ভিত্তিতে আজ লালা, কাটলিছড়া , হাইলাকান্দি ও আলগাপুর রাজস্ব চক্র আধিকারীকের হাতে তিনশটি করে ত্রিপাল প্রদান করা হয়েছে । জেলা দূর্যোগ মোকাবিলা বিভাগের দায়িত্বে থাকা অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা জানান যে চক্র আধিকারীকদের প্রতিবেদনের ভিত্তিতে যাদের ঘর-বাড়ী ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে, কেবল তাদেরকে ত্রিপল প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------